



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ  
BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY

বি.আই.ডব্লিউ.টি.এ ভবন  
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা  
পোস্ট বক্স ৭৬, ঢাকা-১০০০  
বাংলাদেশ

BIWTA BHABAN  
141-143, MOTIHEEL C/A.  
POST BOX 76, DHAKA-1000  
BANGLADESH

নথি নং-১৮.১১.২৬.০০.০০৮.১১.২২০.১৭/১৮৩৩


তারিখঃ-১৯/০৯/২০১৮ইং।

নিয়োগ বিজ্ঞপ্তি নং-০৭/২০১৮

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ(বিআইডব্লিউটিএ) এর নিম্নবর্ণিত অস্থায়ীভাবে সৃজিত শূন্য পদে নিয়োগের নিমিত্ত বর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	বয়স সীমা	শূন্য পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা
১	লস্কর	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৯তম গ্রেডভূক্ত টাকা ৮৫০০-২০৫৭০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ৩২ বৎসর	৪৬	ডিইপিটিসি হতে ১ বছর মেয়াদী কোর্স পাশ অথবা ৮ম শ্রেণী পাশ এবং সুস্বাস্থ্যের অধিকারী।
২	ভান্ডারী	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৯তম গ্রেডভূক্ত টাকা ৮৫০০-২০৫৭০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ৩২ বৎসর	১৬	অষ্টম শ্রেণী পাসসহ খাদ্য পাক করার জ্ঞান ও অভিজ্ঞতা থাকিতে হইবে।
৩	তোপাষ	জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১৯তম গ্রেডভূক্ত টাকা ৮৫০০-২০৫৭০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য ভাতাদি।	১৮-৩০ বৎসর মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী ৩২ বৎসর	২০	অষ্টম শ্রেণী পাসসহ পরিষ্কার পরিচ্ছন্নতার কাজে অভিজ্ঞতা।

- ০২। বয়স : ১৫/০৭/২০১৮ তারিখে প্রার্থীদের বয়স উল্লেখ করতে হবে।
- ০৩। আগ্রহী প্রার্থীদেরকে ০৪/১০/২০১৮ তারিখ পর্যন্ত শুধুমাত্র [www.jobsbiwta.gov.bd](http://www.jobsbiwta.gov.bd) এর মাধ্যমে অন-লাইনে আবেদন দাখিল করতে হবে।
- ০৪। আবেদন করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী [www.jobsbiwta.gov.bd](http://www.jobsbiwta.gov.bd) সাইটে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার পর প্রাপ্ত Applied ID টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত Applied ID টি রকেটের Biller Number হিসেবে ব্যবহার করে ৭২ ঘন্টার মধ্যে ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে বিআইডব্লিউটিএ'র বিলার আইডি নং-৪২২ এ আবেদন ফি বাবদ ২১৫/- (দুইশত পনেরো) টাকা (অফেরৎযোগ্য) আবেদন ফি জমা দিতে হবে অন্যথায় আবেদন পত্রটি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
- ০৫। আবেদনকারীগণকে তাদের Applied ID টি ব্যবহার করে [www.jobsbiwta.gov.bd](http://www.jobsbiwta.gov.bd) ওয়েব-সাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করার জন্য আবেদন পত্রে উল্লিখিত মোবাইল নম্বরে যথা সময়ে SMS প্রদানের মাধ্যমে অবহিত করা হবে।
- ০৬। প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজ পত্র প্রেরণ করতে হবে না। মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় পাস পোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত রসিদ ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি এবং আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদির ১ সেট সত্যায়িত কপিসহ মূল কাগজ পত্র সংগে আনতে হবে।
- ০৭। চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৬ নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৮। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোন প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।
- ০৯। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ১০। বিআইডব্লিউটিএ কর্তৃপক্ষ প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।
- ১১। সংশ্লিষ্ট পদে প্রকল্পে/দৈনিক ভিত্তিতে নিয়োজিত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

  
(জুলফাখানম)  
যুগ্ম-পরিচালক(সংস্থাপন)  
বিআইডব্লিউটিএ